৭

দৈনিক বাংলা

তারিখ 19 NOV 1996
পৃষ্ঠা ১ কলাম ১

# বেসরকারী উদ্যোগে প্রাইমারী স্কুল স্থাপনের নীতিমালা ঘোষণা

সরকার বেসরকারী উদ্যোগে প্রাথমিক বিদ্যালয় স্থাপন, চালু ও রেজিস্ট্রেশনের নীতিমালা ঘোষণা করেছেন। এক তথ্য-বিবরণীতে বলা হয়, লক্ষ্য করা গেছে যে দেশের অনেক স্থানে স্থানীয় বেসরকারী উদ্যোগে প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু এ বিষয়ে সরকারী নীতি ও নির্দেশাবলী সম্পর্কে বিদ্যালয় প্রতিষ্ঠাতাগণ পূর্বে অবহিত না থাকায় সরকারের পক্ষে এ সকল প্রাথমিক বিদ্যালয়কে রেজিস্ট্রেশন প্রদান সম্ভব হয়নি। ফলে, উদ্যোক্তাগণসহ বিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের মধ্যে অনিশ্চয়তা ও হতাশা লক্ষ্য করা গেছে।

সমগ্র বিষয়টি আগামী ১০ বছরের মধ্যে দেশকে নিরক্ষরমুক্ত করার সরকারী অঙ্গীকারের পটভূমিতে বিবেচনা করা হয়েছে। একই সঙ্গে সকল প্রাথমিক স্কুল গমনোপযোগী ছাত্র/ছাত্রী যাতে বিদ্যালয়ে ভর্তির সুযোগ পায় সেই লক্ষ্যে প্রতিটি গ্রামে একটি করে প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

এ কর্মসূচীর আওতায় স্থানীয় উদ্যোক্তা, শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে বে-সরকারী প্রাথমিক বিদ্যালয় স্থাপন, চালু ও রেজিস্ট্রেশন প্রদানের ক্ষেত্রে সরকার Bangladesh Registration of Private Schools Ordinance, 1962 (as amended by Registration of Private Schools Act 1989) অনুযায়ী নিম্নোক্ত নীতিমালা অনুসরণের সিদ্ধান্ত নিয়েছেঃ

## বিদ্যালয় স্থাপনের প্রাথমিক শর্ত ও নীতিমালা

প্রতিটি গ্রামে একটি করে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার লক্ষ্যে দুই কিলোমিটারের মধ্যে অন্য কোন প্রাথমিক শিক্ষা

(৮-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

# বেসরকারী উদ্যোগে প্রাইমারী স্কুল স্থাপনের নীতিমালা

(প্রথম পৃষ্ঠার পর)

প্রতিষ্ঠান না থাকলে এমন স্থানে বিদ্যালয় প্রতিষ্ঠা করা যাবে। তবে যোগাযোগ ব্যবস্থা বা প্রাকৃতিক বাধার কারণে দুই কিঃমিঃ নীতি শিথিলযোগ্য। দুই কিলোমিটারের মধ্যে প্রতিষ্ঠিত বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী সংখ্যা ১৫০-এর অধিক হলে এ শর্ত শিথিলযোগ্য। বিদ্যালয়ের উপযুক্ত ম্যানেজিং কমিটি বা অর্গানাইজিং কমিটি থাকতে হবে।

বিদ্যালয়ের একজন বিজ্ঞান শিক্ষকসহ অন্তত চারজন শিক্ষক থাকতে হবে। তবে এদের মধ্যে অন্তত দুইজন শিক্ষিকা হবেন। প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষকদের জন্য সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষকের জন্য অনুসৃত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

বিদ্যালয়ে কমপক্ষে ১৫০ জন ছাত্র/ছাত্রী থাকতে হবে। তবে হাওর-বাঁওড় এলাকা, খাগড়াছড়ি, বান্দরবন ও রাঙ্গামাটি জেলার জন্য এ শর্ত শিথিল করা যেতে পারে।

বিদ্যালয়ের নিজস্ব ঘর (দৈর্ঘ্যে ৭০ ফুট, প্রস্থ ১৫ ফুট) থাকতে হবে। আসবাবপত্র ও কমপক্ষে ৩৩ শতাংশ জমি থাকতে হবে।

## বিদ্যালয় চালু ও রেজিস্ট্রেশন প্রদানের নীতিমালা

বিদ্যালয় স্থাপন করার পূর্বে উদ্যোক্তাগণ বিদ্যালয় স্থাপনের প্রাথমিক শর্ত ও নীতিমালার শর্তাদি পূরণের নিশ্চয়তা প্রদান-পূর্বক বিদ্যালয় স্থাপন ও চালু করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকের (প্রাথমিক শিক্ষা) নিকট আবেদন করবেন।

প্রাপ্ত আবেদন, আনুষঙ্গিক কাগজ, রেকর্ডপত্র ইত্যাদি পর্যালোচনা এবং বিদ্যালয়ের জন্য নির্বাচিত স্থান সরেজমিনে পরিদর্শন শেষে আবেদন প্রাপ্তির তিন মাস সময়ের মধ্যে বিভাগীয় উপপরিচালক বিদ্যালয় চালু করার প্রাথমিক অনুমতি প্রদান সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণপূর্বক তা উদ্যোক্তাগণকে অবহিত করবেন। ঐ অনুমতি ব্যতিরেকে কোন বিদ্যালয় স্থাপন এবং চালু করা যাবে না।

এ প্রাথমিক অনুমতিকে কোন ক্রমেই রেজিস্ট্রেশন বলে গণ্য করা যাবে না। চালুকৃত বিদালয় এক বছর যাবৎ কর্তৃপক্ষের পর্যবেক্ষণ শেষে উদ্যোক্তাগণ বিদ্যালয়ের রেজিস্ট্রেশন প্রদানের আবেদন পেশ করতে পারেন।

রেজিস্ট্রেশনের আবেদন পাওয়ার পর Bangladesh Registration of Private Schools Ordirance, 1962 (as amended by Registration of Private Schools Act 1989) অনুসরণ পূর্বক বিদ্যালয়কে প্রথমে তিন বছর মেয়েদের জন্য যথাযথ কর্তৃপক্ষ অস্থায়ী রেজিস্ট্রেশন প্রদান করবেন। তবে শর্ত থাকবে যে, অস্থায়ী রেজিস্ট্রেশন প্রদান করলেই আর্থিক অনুদান বা বেতনের সরকারী অংশ প্রদানের বাধ্যবাধকতা থাকবে না। অস্থায়ী রেজিস্ট্রেশন প্রদানের চার বছরের মধ্যে প্রশিক্ষণবিহীন শিক্ষক-শিক্ষিকাদেরকে পেশাগত প্রশিক্ষণ অবশ্যই গ্রহণ করতে হবে।

উপরোক্ত (ঙ) অনুচ্ছেদে বর্ণিত অস্থায়ী রেজিস্ট্রেশন প্রদান করার পর পরবর্তীতে তিন বছর মেয়াদী দু'বার নবায়ন করা হলে তা স্থায়ী রেজিস্ট্রেশন বলে গণ্য করা হবে। অস্থায়ী রেজিস্ট্রেশন নবায়ন করার সময় বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর সমাপনী ও বৃত্তি পরীক্ষার ফলাফল এবং বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীর ভর্তির হার, উপস্থিতি, প্রাথমিক শিক্ষা সমাপনী চক্রের হার ইত্যাদি বিবেচনা করে নবায়ন করা হবে।

স্থায়ী রেজিস্ট্রেশন প্রাপ্তির পরবর্তীকালে বিদালয় প্রতিষ্ঠা-কালীন প্রযোজ্য শর্তের ব্যত্যয় ঘটলে রেজিস্ট্রেশন প্রত্যাহার করা হবে।

এখন থেকে বর্ণিত নীতিমালার আলোকে বেসরকারী প্রাথমিক বিদ্যালয় স্থাপন, চালু ও রেজিস্ট্রেশন-এর কার্যক্রম পরিচালিত হবে।